

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ (ডিডিএম)
গফরগাঁও, ময়মনসিংহ।
web:gafargaon.mymensing.gov.bd

অতি জরুরি

স্মারক নং- ৫১.০১.৬১২২.০০০.৪১.০২০.২৪-১২৫

তারিখঃ ১৪ চৈত্র ১৪৩০
২৮ মার্চ ২০২৪

বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থবছরে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৪ উপলক্ষে অতিদরিদ্র, অসহায় ও দুঃস্থ পরিবারের মাঝে ভিজিএফ কর্মসূচির আওতায় খাদ্য সহায়তা (চাল) প্রদানের জন্য উপকারভোগীদের নামের তালিকা দাখিল।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয় (দুর্যোগ ব্যবস্থাপনা শাখা), ময়মনসিংহ এর গত ২৭ মার্চ ২০২৪ খ্রি. তারিখের ৫১.০১.৬১০০.০০০.৪১.০১৯.২৪-২২৯ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থবছরে ভিজিএফ কর্মসূচির আওতায় আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৪ উপলক্ষে অতিদরিদ্র, অসহায় ও দুঃস্থ পরিবারের মাঝে বিনামূল্যে খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত ১০(দশ) কেজি হারে চাল বিতরণের জন্য এ উপজেলার অনুকূলে=২০,৪৫৬(বিশ হাজার চারশত ছাশান্ন) টি কার্ডের বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত কার্ড জনসংখ্যা অনুযায়ী ইউনিয়নভিত্তিক নিম্নরূপভাবে উপ-বরাদ্দ প্রদান করা হলো। নিম্নে বর্ণিত শর্তাবলি অনুসরণপূর্বক ইউনিয়ন মানবিক সহায়তা কর্মসূচির সভার কার্যবিবরণীসহ ২(দুই) প্রস্থ উপকারভোগীদের নামের তালিকা জরুরিভাবে দাখিল করে আগামী ০৩/০৪/২০২৪ খ্রি. তারিখের মধ্যে চাল উত্তোলন ও বিতরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

ক্র: নং	ইউনিয়নের নাম	ইউনিয়নের জনসংখ্যা	কার্ড সংখ্যা
০১	রসুলপুর	২৩,৪৪৩ জন	১,১৯৪ টি
০২	বারবাড়িয়া	১৮,১৭১ "	৯২৬ "
০৩	চরআলগী	২৮,৮৪৮ "	১,৪৭০ "
০৪	সালটিয়া	২৯,৩৮০ "	১,৪৯৭ "
০৫	যশরা	২৫,১২১ "	১,২৮০ "
০৬	রাওনা	২৬,০৫৪ "	১,৩২৮ "
০৭	মশাখালী	২৮,৬১৮ "	১,৪৫৮ "
০৮	গফরগাঁও	২৮,৫৮৫ "	১,৪৫৭ "
০৯	পাঁচবাগ	২৭,৯৯১ "	১,৪২৬ "
১০	উস্থি	২২,৮৩৬ "	১,১৬৪ "
১১	লংগাইর	২৩,১৫৬ "	১,১৮১ "
১২	পাইখল	২৪,৩২০ "	১,২৪০ "
১৩	দত্তের বাজার	৩০,৬৮৯ "	১,৫৬৪ "
১৪	নিগুয়ারী	৩৪,৮৪৪ "	১,৭৭৫ "
১৫	টাংগাব	২৯,৩৬৫ "	১,৪৯৬ "
মোট		৪,০১,৪২১ জন	২০,৪৫৬টি

শর্তাবলিসমূহঃ

ক) বাংলাদেশ পরিসংখ্যান বুরোর ২০১৬ এর তথ্য অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ড সংখ্যা পুনঃবিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে। www.bbs.gov.bd – এ ওয়েবসাইটে লগইন করে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে।

খ) দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক বন্যাক্রান্ত ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ/অতিদরিদ্রকে অগ্রাধিকার দিতে হবে।

নিম্নোক্ত শর্তাবলির মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার, দুঃস্থ/অতিদরিদ্র বলে গণ্য হবেঃ-

- ০১। যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ি ছাড়া কোন জমি নেই;
- ০২। যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল;
- ০৩। যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল;
- ০৪। যে পরিবারের উপার্জনক্ষম পূর্ণবয়স্ক কোন পুরুষ সদস্য নেই;
- ০৫। যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়;
- ০৬। যে পরিবারে উপার্জনশীল কোন ব্যক্তি নেই;
- ০৭। যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা;
- ০৮। যে পরিবারের প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা;



চলমান পাতা-২



- ০৯। যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধি;
১০। যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি;
১১। যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/সংকটে পড়েছে;
১২। যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায় না।
- গ) ইউনিয়ন ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে।
ঘ) উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে কমপক্ষে ৭০% মহিলাকে অন্তর্ভুক্তি নিশ্চিত করতে হবে।

ভিজিএফ উপকারভোগীদের তালিকা এমনভাবে প্রস্তুত করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ বরাদ্দ না পায়।

চেয়ারম্যান
ইউনিয়ন পরিষদ (সকল)
গফরগাঁও, ময়মনসিংহ।

মোহাম্মদ শফিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।

ফোনঃ +৮৮০৯০২৫-৫৬০২০

E-mail: unogafargaon@gmail.com

স্মারক নং- ৫১.০১.৬১২২.০০০.৪১.০২০.২৪-

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মাননীয় সংসদ সদস্য, ১৫৫ ময়মনসিংহ-১০ (গফরগাঁও)।
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ময়মনসিংহ।
৫। উপজেলা..... অফিসার ও ট্যাগ অফিসার, ইউনিয়ন পরিষদ,
গফরগাঁও, ময়মনসিংহ।
৬। অফিস কপি।

তারিখঃ ১৪ চৈত্র ১৪৩০
২৮ মার্চ ২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।

ফোনঃ +৮৮০৯০২৫-৫৬০২০

E-mail: unogafargaon@gmail.com

তারিখঃ ১৪ চৈত্র ১৪৩০
২৮ মার্চ ২০২৪